T(4th Sm.)-Bengali-G/SEC-B-1/CBCS

২০২১

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাধারণ

পত্র : SEC-B-1

(ব্যবহারিক বাংলা ও সাহিত্য গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূৰ্ণমান - ৮০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক। উত্তর যথাসন্তব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) অতিমারী পরিস্থিতি আঘাত হানছে মানুষের মনে, বাড়ছে মানসিক সঙ্কট। — বিষয়টি নিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

অথবা,

	(খ)	বই পড়ার ভবিষ্যৎ কী— এই বিষয় নিয়ে একজন খ্যাতিমান সাহিত্যিকের সঙ্গে তোমার একটি কাল্পনিক সাক্ষাৎকার রচন করো।	
২।	(ক)	একজন ভালো অনুবাদকের অনুবাদকর্মে কোন কোন দিকে দৃষ্টি রাখা উচিত তা আলোচনা করে বুঝিয়ে দাও।	20
অথবা,			
	(খ)	একটি ম্যাগাজিনে কোনো পর্যটন সংস্থার পক্ষ থেকে দেওয়া শারদ শুভেচ্ছাসহ বিজ্ঞাপনের বয়ানটি রচনা করো।	20
৩।	(ক)	একটি গবেষণাকর্মে পরম্পরাসূত্রে সংঘটিত বিভিন্ন পর্যায়গুলির সংক্ষেপে পরিচয় দাও।	20
অর্থবা,			
	(খ)	কপিরাইট আইন কী ? এই আইনের বিভিন্ন ধারাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।	20
81	যে-৫	কানো ছয়টি প্রশ্নের উত্তর দাও।	৫×૭
	(ক)	ব্যক্তিগত পত্র কাকে বলে? এই ধরনের পত্রের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।	
	(켁)	একজন নামী খেলোয়াড়ের সাক্ষাৎকার নেওয়ার জন্য তুমি কীভাবে প্রস্তুতি নেবে?	
	(গ)	দূরদর্শনে একটি নামী সংস্থার কলমের বিজ্ঞাপন ছবিসহ পরিবেশিত হবে। তার জন্য অনধিক ৫০টি (পঞ্চাশটি) শব্দের মধ্যে একটি বিজ্ঞাপনী বয়ান প্রস্তুত করো।	
	(ঘ)	একজন বিজ্ঞাপন রচনাকারীকে যে-কোনো মাধ্যমে বিজ্ঞাপন রচনার সময়ে কোন কোন দিকে জোর দিতে হয়?	
	(3)	টীকা লেখো — ভাবানুবাদ।	
	(চ)	টীকা লেখো — গ্রন্থপঞ্জি।	

Please Turn Over

T(4th Sm.)-Bengali-G/SEC-B-1/CBCS

- (ছ) তোমাদের পাড়ায় একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। বিষয়টি জানিয়ে স্থানীয় কোনো বিশিষ্ট নাগরিককে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবার জন্য সংক্ষিপ্ত আমন্ত্রণপত্র লেখো।
- (জ) ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করো।

After Mini had gone away, Rahamat sat down with a heavy sigh. All on a sudden it occurred to him clearly that his own daughter must have grown up so much by this time and that he would have to be acquainted with her anew. He also felt he would not find her exactly as before. And who knows what might have happened to her during these eight years.

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×২০

- (ক) ব্যক্তিগত চিঠিপত্র সাহিত্যগ্রন্থের মর্যাদা লাভ করেছে এমন একটি সঙ্কলন গ্রন্থের নাম লেখক-নামসহ উল্লেখ করো।
- (খ) প্রত্যক্ষ উপস্থিতি না থেকেও কীভাবে একটি সাক্ষাৎকার নেওয়া সম্ভব?
- (গ) 'খোলা চিঠি' কাকে বলে?
- (ঘ) কোনো প্রতিবেদনের শিরোনামের যে-কোনো দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।
- (৬) মুদ্রিত আকারে ছাড়া অন্য কোন পন্থায় প্রতিবেদন পরিবেশিত হতে পারে?
- (চ) ইংরেজি থেকে বাংলা ভাষায় অনুদিত কোনো একটি সাহিত্যগ্রন্থের অনুদিত সংস্করণের নাম অনুবাদকের নামসহ উল্লেখ করো।
- (ছ) ইংরেজিতে ক্রিয়া (verb) বাক্যের কোথায় বসে?
- (জ) বর্তমান সময়ে বেতার, দুরদর্শন, চলচ্চিত্র ব্যতীত বিজ্ঞাপন দেওয়ার জন্য আর একটি বৈদ্যুতিন মাধ্যমের উল্লেখ করো।
- (ঝ) ছাপা মাধ্যম ও বৈদ্যুতিন মাধ্যমের বিজ্ঞাপনের মধ্যে যে-কোনো দু-টি পার্থক্যের উল্লেখ করো।
- (এঃ) অনুবাদের সঙ্গে রূপান্তরের পার্থক্য কী?
- (ট) রবীন্দ্রনাথ ঠাকুর-কৃত গীতাঞ্জলির ইংরেজি অনুবাদটির নাম কী?
- (ঠ) গবেষণায় উৎস নির্দেশের দু-টি কারণ উল্লেখ করো।
- (ড) গবেষণায় নামপত্রে কী কী থাকে?
- (চ) 'সংস্করণ তথ্য' বলতে কী বোঝো?
- (ণ) 'পাদটীকা' কাকে বলে ?
- (ত) 'বক্রলেখ' (italics) প্রয়োগের একটি কারণ উল্লেখ করো।
- (থ) 'ক্ষেত্ৰসমীক্ষা' বলতে কী বোঝো?
- (দ) গবেষণাকর্মে তথ্য সংগ্রহের জন্য দু-টি উৎসের উল্লেখ করো।
- (ধ) গবেষণাকর্মে 'নির্ঘন্ট প্রণয়ন' কাকে বলে?
- (ন) গবেষক তাঁর লেখায় কোথাও দীর্ঘ অংশ উদ্ধৃত করলে সেখানে তিনি উদ্ধৃতি চিহ্নের পরিবর্তে কীভাবে তা চিহ্নিত করতে পারেন ?

(2)